

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০-৫২২

তারিখ: ০৭/০২/১৪২৩ বঙ্গাব্দ।
২২/০৬/২০১৭ খ্রিষ্টাব্দ।

অধিকাল ভাতা নীতিমালা/নির্দেশনা

অত্র বাহিনীর গাড়ীচালক ও মেকানিকদের কাজের উৎসাহ ও গতিশীলতা বৃদ্ধির জন্য অধিকাল ভাতার বিদ্যমান হার বর্ধিত করে নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো :

ক) স্থায়ী গাড়ীচালক : বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তরের স্থায়ী গাড়ীচালকদের অধিকাল ভাতা মাসিক সর্বোচ্চ টাঃ ১০,০০০/- মাত্র এবং সদর দপ্তরের বাহিরের ইউনিটের জন্য মাসিক সর্বোচ্চ টাঃ ৮,৫০০/- মাত্র নির্ধারণ করা হলো। মাসিক মূল বেতনের ভিত্তিতে ঘণ্টা প্রতি প্রাপ্য হিসেবে অধিকাল ভাতা প্রদান করা হবে। প্রতিদিনের অতিরিক্ত সময় দায়িত্ব পালনের হিসাব লগবইয়ের সাথে মিল রেখে রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। স্থায়ী গাড়ীচালকদের অধিকাল ভাতা বাবদ অর্থ সরকারী বরাদ্দ থেকে পরিশোধ করা হবে।

খ) ব্যাটালিয়ন আনসার (স্থায়ী/অস্থায়ী) গাড়ীচালক : গাড়ীচালক হিসেবে স্থায়ী/অস্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্যদের অধিকাল ভাতা মাসিক সর্বোচ্চ টাঃ ৪,৫০০/- মাত্র নির্ধারণ করা হলো। বিভিন্ন পদবীর ব্যাটালিয়ন আনসারদের প্রতি ঘণ্টায় টাঃ ৩৮/- মাত্র হিসেবে এই ভাতা প্রদান করা হবে। প্রতিদিন অতিরিক্ত সময়ের দায়িত্ব পালনের হিসাব লগ বইয়ের সাথে মিল রেখে রেজিস্টারে লিপিবদ্ধ করে রাখতে হবে। "মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল" থেকে এই ভাতা পরিশোধ করা হবে।

গ) এমটি ওয়ার্কশপের মেকানিক : এমটি ওয়ার্কশপের মেকানিকদের অতিরিক্ত কাজের ভাতা প্রতি ঘণ্টায় টাঃ ২০/- মাত্র এবং মাসিক অনূর্ধ্ব টাঃ ২,৫০০/- মাত্র নির্ধারণ করা হলো। "মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল" থেকে এ ভাতা প্রদান করা হবে।

ঘ) সংশ্লিষ্ট ইউনিটসমূহ গাড়ীচালক হিসেবে অংশীভূত আনসার ও সংযুক্ত ব্যাটালিয়ন সদস্যগণের অধিকাল ভাতা অনুচ্ছেদ-খ এ উল্লিখিত হারে নিজ নিজ ইউনিট এর স্থানীয় তহবিল হতে প্রদান করবেন।

২। এ আদেশ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ হতে কার্যকর হবে। এতদসংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল নির্দেশনা/নীতিমালা এতদ্বারা বাতিল করা হলো।

৩। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

কর্নেল কে এম ফেরদাউসুল শাহাব
উপ-মহাপরিচালক (প্রশাসন)

ফোনঃ ৭২১৪৪৬৬

তারিখ: ০৭/০২/১৪২৩ বঙ্গাব্দ।
২২/০৬/২০১৭ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০-৫২২

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। উপ-মহাপরিচালক (অপারেশনস/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৪। উপ-মহাপরিচালক, আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
- ৫। পরিচালক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)
.....।
- ৬। উপ-পরিচালক (প্রশাসন-উইং)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৭। জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন অধিনায়ক/জোন অধিনায়ক (সকল)
.....।
- ৮। বাজেট কর্মকর্তা (আনসার/ভিডিপি)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৯। যানবাহন কর্মকর্তা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ১০। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

সদর অবগতির জন্য।

"

অবগতির জন্য।

"

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

"

"

"

"

"

কর্নেল কে এম ফেরদাউসুল শাহাব
২২/০৬/১৭